



## বিষয় : নতুনদা - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'বিস্মৃত' শব্দের অর্থ কি?  
(ক) স্মৃতিতে থাকা (খ) ভুলে থাকা বিষয়  
(গ) ভুল করা (ঘ) ভুল ভাবা
- ২। 'পুনঃ পুনঃ শোক প্রদর্শন করিতে লাগিলেন।' - 'পুনঃ পুনঃ' শব্দের অর্থ হল —  
(ক) বারবার (খ) পুনরায়  
(গ) আবার (ঘ) কোনটি নয়
- ৩। 'আমাদের তিরস্কার করিতে লাগিলেন।' বক্তা কে?  
(ক) ইন্দ্র (খ) নতুনদা  
(গ) শ্রীকান্ত (ঘ) অপু
- ৪। 'তিরস্কার' শব্দের অর্থ কি?  
(ক) প্রশংসা (খ) গুণকীর্তন  
(গ) বকাবকি (ঘ) বদনাম/খারাপ ভাবে বলা
- ৫। 'কেন আমরা \_\_\_\_\_ মতো সে সব তাঁহার গা হইতে তাড়াতাড়ি খুলিতে গিয়াছিলাম।' - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে?  
(ক) বোকার (খ) নির্বোধের  
(গ) সবজাস্তার (ঘ) বোদ্ধার
- ৬। 'আমরা \_\_\_\_\_ দেশের লোক,' - শূন্যস্থানে বসবে —  
(ক) খোট্টার (খ) চাষার  
(গ) অজ গাঁ (ঘ) কোনটি নয়
- ৭। 'অবিশ্রান্ত' শব্দের অর্থ কি?  
(ক) বিশ্রামের অবকাশে (খ) বিশ্রামের শেষে  
(গ) অনবরত (ঘ) কোনটি নয়
- ৮। 'জামাকাপড়ের \_\_\_\_\_ সে দেহটাকেও তিনি বিস্মৃত হইলেন।' শূন্যস্থানে বসবে —  
(ক) অবর্তমানে (খ) শোকে  
(গ) জন্ম (ঘ) কোনটি নয়
- ৯। 'উপলক্ষ্য' শব্দের অর্থ কি?  
(ক) লক্ষ্যের বিপরীত (খ) লক্ষ্যের বিরুদ্ধে  
(গ) ক্ষুদ্র লক্ষ্য/অজুহাত (ঘ) কোনটি নয়
- ১০। 'তাহা এইসব লোকের সংসর্গে না আসিলে,' — 'এইসব লোক' বলতে কি বোঝানো হয়েছে?  
(ক) ইন্দ্রনাথের মতো (খ) নতুনদার মতো  
(গ) শ্রীকান্তের মতো (ঘ) অপূর মতো

- ১১। 'সংসর্গ' কথাটির অর্থ কি?  
(ক) সংস্পর্শ (খ) সম্মুখে  
(গ) সঙ্গী (ঘ) কোনটি নয়
- ১২। 'রাত্রি \_\_\_\_\_ পর আমাদের ডিঙি আসিয়া ঘাটে ভিড়িল।' - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে?  
(ক) দশটার (খ) এগারোটার  
(গ) বারোটার (ঘ) দুটোর
- ১৩। 'মূর্ছিত' অর্থ কি?  
(ক) মুছে যাওয়া (খ) ভুলে যাওয়া  
(গ) জ্ঞান হওয়া (ঘ) জ্ঞান হারানো
- ১৪। '... সশরীরে প্রত্যাবর্তন করিয়াছিলেন,' - 'প্রত্যাবর্তন' শব্দটির অর্থ হল —  
(ক) ফিরে পাওয়া (খ) ফিরে আসা  
(গ) ফিরে যাওয়া (ঘ) কোনটি নয়
- ১৫। 'তাহার এই অনুগ্রহের আনন্দেই আমরা পরিপূর্ণ হইয়া গিয়াছিলাম।' - 'অনুগ্রহ' শব্দটির অর্থ হল —  
(ক) অনুরাগ (খ) ভালবাসা  
(গ) দয়া/কৃপা (ঘ) অনুরোধ

Amit Kundu

\*\*\*\*\*